দৈনিক সংবাদ

তারিখ FEB 19 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

123

# ফরিদপুর সরকারি বালিকা বিদ্যালয়ে শিক্ষকের অভাব

ইউসুফ রেজা মন্টু ঃ ফরিদপুর জেলায় বালিকা মাধ্যমিক শিক্ষায় শ্রেষ্ঠ বিদ্যাপীঠ হয়েও শিক্ষকের অভাবে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে।

ফরিদপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ কোন প্রধান শিক্ষিকা নেই। ফলে উক্ত বিদ্যালয়েরই একজন সহকারী শিক্ষিকাকে দিয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষিকার (ভারপ্রাপ্ত) দায়িত্ব পালন করানো হচ্ছে।

দীর্ঘদিন শূন্য রয়েছে প্রধান শিক্ষিকা ও সহকারী প্রধান শিক্ষিকার পদ। শূন্য রয়েছে মওলানা এবং পণ্ডিতসহ সহকারী শিক্ষকের ১২টি পদ।

ফরিদপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ছাত্রীসংখ্যা দেড় হাজারের অধিক। অথচ কক্ষের অভাবে সেকশন করতে না পারায় চতুর্থ এবং পঞ্চম শ্রেণীর ছাত্রীদের অধিকাংশকেই ক্লাসে দাঁড়িয়ে থাকতে হচ্ছে। এদের বসার মতো কোন বেঞ্চও নেই। অথচ চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ক্লাসগুলোতে দেড় থেকে পৌনে দু'শ করে ছাত্রী রয়েছে।